



উদ্ভিদবিজ্ঞান বিভাগে নবীনবরণ, বিদায় ও কৃতি শিক্ষার্থী সংবর্ধনা ২০২৩ অনুষ্ঠিত



২৭ ফেব্রুয়ারি ২০২৩-সোমবার উদ্ভিদবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে কেন্দ্রীয় মিলনায়তনে স্নাতক পর্যায়ের (১৫তম, ১৬তম ও ১৭তম) ব্যাচের নবীনবরণ এবং স্নাতকোত্তর পর্যায়ের (৯ম, ১০ম ও ১১তম) ব্যাচের বিদায় ও কৃতি শিক্ষার্থী সংবর্ধনা ২০২৩ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

উদ্ভিদবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী সাখাওয়াত হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান খন্দকার এবং টার্বি উদ্ভিদবিজ্ঞান বিভাগ এলামনাই এসোসিয়েশনের উপদেষ্টা ও দাতা সদস্য অধ্যাপক ড. খুরশীদ নাহার। অনুষ্ঠানটির প্রধান সমন্বয়ক অধ্যাপক ড. শাহরিয়ার আহম্মদ স্বাগত বক্তব্য প্রদান করেন।

এসময় বিভাগের শিক্ষক-শিক্ষার্থী সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।